

(একই স্মারক নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
প্রশাসন-১ অধিশাখা  
www.mocat.gov.bd

নং-৩০.০০.০০০০.০১০.১৮.০০৬.১৩-১১৬৭


তারিখঃ ২৩/১১/২০১৭

বিষয়ঃ আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ।

- সূত্রঃ ১। এ মন্ত্রণালয়ের পত্র নং- ৩০.০০.০০০০.০১২.১১.০০২.২০১৭-৩৯১.০৭.০৪, তাং- ১৯/১১/২০১৭  
২। এ মন্ত্রণালয়ের পত্র নং- ৩০.০০.০০০০.০১২.১১.০০২.২০১৭-৩৯২.০৭.০৪, তাং- ১৯/১১/২০১৭  
৩। মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০১.১৭-৫১৭, তাং- ২১/১১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর “ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার” এ অন্তর্ভুক্তির মাধ্যমে “বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যের” স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫/১১/২০১৭ তারিখ ঢাকা মহানগরীসহ সকল জেলা ও উপজেলায় “আনন্দ শোভাযাত্রা”র মাধ্যমে উদযাপন করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে কর্মসূচি গৃহীত হয়েছে। উক্ত কর্মসূচি যথাযথভাবে উদযাপনের নিমিত্ত এ মন্ত্রণালয় হতেও উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত আনন্দ শোভাযাত্রা আগামী ২৫/১১/২০১৭ তারিখ ঢাকা মহানগরীর বিভিন্ন স্থান থেকে শুরু হয়ে সোহরাওয়ার্দী উদ্যানে বেলা ০৩:০০ ঘটিকায় সমবেত হবে।

০২। উক্ত কর্মসূচি যথাযথভাবে উদযাপনের জন্য এ মন্ত্রণালয় ও আওতাধীন সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারিকে মন্ত্রণালয়/সংস্থার ব্যানার/ফেস্টুন/প্ল্যাকার্ডসহ আগামী ২৫/১১/২০১৭ তারিখ শনিবার বেলা ০৩:০০ ঘটিকায় সোহরাওয়ার্দী উদ্যানে বর্ণিত আনন্দ শোভাযাত্রায় সমবেত হওয়ার লক্ষ্যে ঢাকাস্থ রূপসী বাংলা হোটেলের পার্শ্বে বেলা ০২:০০ ঘটিকার মধ্যে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মুস্তাকীম বিল্লাহ ফারুকী)

উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫৮৩৫

admin1@mocat.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, ৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, ঢাকা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ১, মিন্টু রোড, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস্ লিমিটেড, হোটেল রূপসী বাংলা, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড, সোনারগাঁও হোটেল, ঢাকা।
- ৭। সকল কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৮। সকল কর্মচারি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।

অনুলিপিঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির অনুরোধসহ)।